

## জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়  
ঢাকা।

website:www.janatabank-bd.com

ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট  
ফোন: ৯৫৬৫৩৮৫, ৯৫৫১৭২৬

প্রচার বিজ্ঞপ্তি নং-২৭৭/১৮

তারিখঃ ১৩/০৫/২০১৮ খ্রিস্টাব্দ  
৩০/০১/১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ- জনাব মোঃ আশরাফ হোসাইন, প্রিন্সিপাল অফিসার (পিও-৪৪৮৯), জনতা ব্যাংক লিমিটেড, আলেকান্দা বাংলাবাজার শাখা, বরিশাল এর দূরারোগ্য PLID ও Post Operative Descities নামক জটিল রোগের চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্তে ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে মানবিক কারণে আর্থিক সহায়তা প্রদানের আহবান জানিয়ে এক দিনের লাঞ্চ সাবসিডি প্রদান প্রসংগে।


মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জনতা ব্যাংক লিমিটেড, আলেকান্দা বাংলাবাজার শাখা, বরিশাল এর প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ আশরাফ হোসাইন (পিও-৪৪৮৯) অসুস্থ অবস্থায় বিএসএমএমইউ হাসপাতালে, ইবনে সিনা হাসপাতালে, নিউরো সাইন্স হাসপাতালে চিকিৎসা করান। তিনি নিউরো সাইন্স হাসপাতালে PLID অপারেশন করান এবং অপারেশনের ১৫ (পনের) দিন পর পঙ্গু হয়ে যান। PLID অপারেশনের পর তিনি Post Operative Descities নামক রোগে আক্রান্ত হন। Post Operative Descities নামক রোগে আক্রান্ত হওয়ায় বর্তমানে তিনি এ্যাপোলো হাসপাতালের কো-অর্ডিনেটর এন্ড সিনিয়র কনসালটেন্ট-নিউরো সার্জারি প্রফেসর ডাঃ ম্যাথিউ জে.চ্যান্ডি এর তত্ত্বাবধানে চিকিৎসাধীন আছেন। তিনি ইতোমধ্যে আলোচ্য চিকিৎসা বাবদ প্রায় ৭.০০ (সাত) লক্ষ টাকা ব্যয় করেছেন এবং Post Operative Descities নামক রোগের উন্নত চিকিৎসা করতে আনুমানিক আরো ১২.০০ লক্ষ থেকে ১৫.০০ লক্ষ টাকা ব্যয় হবে। অত্যন্ত ব্যয়বহুল এ চিকিৎসা ব্যয় নির্বাহ করা তাঁর নিজের ও পরিবারের আত্মীয় স্বজনদের আর্থিক ক্ষমতার বাইরে। ফলে তিনি জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে আর্থিক সাহায্যের আবেদন করেন।

এরূপ সংকটময় পরিস্থিতিতে ব্যাংকের বিপুল সংখ্যক সহকর্মীদের মানবিক সাহায্যের দ্বারা উন্নত চিকিৎসায় সুস্থ হয়ে যেতে পারে একজন সহকর্মী।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে স্বেচ্ছায় এক দিনের লাঞ্চ সাবসিডি অথবা সম্ভব হলে তার চেয়ে বেশী পরিমাণ আর্থিক সাহায্য তাঁর সঞ্চয়ী হিসাব নং-০১০০০৭৫০৫৪৮৭৯ নাম- মোঃ আশরাফ হোসাইন, জনতা ব্যাংক লিমিটেড, আলেকান্দা বাংলাবাজার শাখা, বরিশাল এর মাধ্যমে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

  
এম এইচ এম জাহাঙ্গীর  
উপ-মহাব্যবস্থাপক

  
নাছিমা আক্তার  
মহাব্যবস্থাপক